সংবাদ

তারিখ 07 NOV 2017 ... কলাম ...

# ইবির ভর্তি পরীক্ষার আবেদনের সময় বৃদ্ধি

**প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া)**

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন করে আগামী ১-৫ ডিসেম্বর করা হয়েছে বলে জানা গেছে। এছড়াও ভর্তি আবেদনের সময় বৃদ্ধি করে ১৯ নভেম্বর করা হয়েছে। গতকাল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এস এম আব্দুল লতিফ। রেজিস্ট্রার অফিস সূত্রে জানা যায়, গত রোববার দুপুর সাড়ে ১২টার দিকে প্রশাসন ভবনের সভা কক্ষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। সভায় ২০১৭-১৮ শিক্ষাবর্ষের অনার্স প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার তারিখ ২৫-২৯ নভেম্বরের পরিবর্তে ১-৫ ডিসেম্বর করা হয়েছে। এছাড়া ভর্তি আবেদনের সময়ও বাড়িছেন কর্তৃপক্ষ। ভর্তি আবেদনের শেষ সময় ১০ নভেম্বর থেকে বাড়িয়ে ১৯ নভেম্বর করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির আহ্বায়ক অধ্যাপক হারুন-উর-রশিদ আসকারীর সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক মো. শাহিনুর রহমান। এছাড়াও ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এস এম আব্দুল লতিফ, অনুষদীয় ডিন, হল প্রোভস্টগণ এবং বিভাগীয় সভাপতিগণ। এবছর বিশ্ববিদ্যালয়ের আটটি ইউনিটের অধীন ৩৩টি বিভাগে ২২৭৫ জন শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবে।

কার্যার্থে/অবগতের